



# বাফুফে নির্বাচন-২০২০

নির্বাচন কমিশন কার্যালয়

বাফুফে ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

তারিখঃ ১৮-১০-২০২০

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, 'বাফুফে নির্বাচন ২০২০' এর ফলাফলে সহ-সভাপতির ৪র্থ আসনে দুইজন প্রার্থীর সমসংখ্যক ভোটের কারণে সিদ্ধান্ত না হওয়ায়, বাফুফে গঠনতন্ত্রের ২৫ ধারা অনুযায়ী বাফুফে সভাপতি আগামী ৩১শে অক্টোবর ২০২০ তারিখ রোজ শনিবার এই পদে সমভোটপ্রাপ্ত দুই প্রার্থীর মধ্যে সিদ্ধান্তসূচক ভোট আয়োজনের সিদ্ধান্ত ঘোষণা করেছেন।

এমতাবস্থায়, আগামী ৩১শে অক্টোবর ২০২০ তারিখ রোজ শনিবার পূর্বাহ্ন ১১:৩০ ঘটিকা থেকে অপরাহ্ন ০১:০০ ঘটিকা পর্যন্ত প্যান প্যাসিফিক সোনারগাঁও ঢাকা এর ওয়েসিস হলরুমে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। ভোট গ্রহণের অব্যবহিত পর ভোট গণনা ও ফলাফল ঘোষণা করা হবে। সংশ্লিষ্ট সকল ডেলিগেটকে যথাসময়ে উপস্থিত থেকে ভোট প্রদানের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

মেজবাহ উদ্দীন

প্রধান নির্বাচন কমিশনার ও রিটার্নিং অফিসার  
বাংলাদেশ ফুটবল ফেডারেশন নির্বাচন-২০২০।

